উন্নয়ন প্রকল্পে চুক্তিভিত্তিক নিয়োগ নীতিমালা ১৯৯৭

জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং সম/সওব্য/টিম-৪(২)/উ:প্র:নি/৪৭/৯৭-১৮৮, তারিখ: ২১ আগস্ট, ১৯৯৭ অনুযায়ী উন্নয়ন প্রকল্পসমূহে জনবল নিয়োগ, মেয়াদকাল, বেতন ভাতাদি ইত্যাদি নির্ধারণের ব্যাপারে নিম্নবর্ণিত নীতিমালা সম্বলিত নির্দেশাবলী অনুসরণ করিতে হইবে:

১। সরকার অনুমোদিত প্রকল্পের পদ অর্থ বিভাগের ১২-৪-৯৪ খ্রিষ্টাব্দ তারিখের নং অম/অবি/উ:গ:শা:৩/৯৪-৩৩৯ অনুযায়ী সৃষ্টি এবং সংরক্ষণ করা হইবে;

২। অনুমোদিত নিয়োগবিধি অনুসারে এবং নিয়োগ কমিটির সুপারিশক্রমে সংযুক্ত ছক মোতাবেক প্রকল্পের বিভিন্ন বেতন গ্রেড ১-১০ পর্যন্ত প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের সচিব এবং ১১-২০ পর্যন্ত প্রকল্প পরিচালক কর্তৃক চুক্তিভিত্তিক সাকুল্য বেতনে (Consolidated Pay) জনবল নিয়োগপ্রাপ্ত হইবে;

৩। চুক্তিভিত্তিক নিয়োজিত জনবলের সাকুল্য বেতন ও অন্যান্য সুবিধা অর্থ বিভাগের স্মারক নং অম/অবি/উ:১/বিবিধ-৫২/৯৬-৩২০ তারিখ: ৩-৭-৯৭ খ্রিষ্টাব্দ এর পরিপত্র অনুযায়ী নির্ধারিত হইবে। এই বিষয়ে অর্থ বিভাগ কর্তৃক পরবর্তীতে অন্য কোন পরিপত্র জারি হইলে তাহা অনুসরণীয় হইবে। তবে রাজস্ব বাজেটভূক্ত স্থায়ী কর্মকর্তা কর্মচারীগণ নিজ বেতনক্রমে প্রকল্প পদে নিয়োগ লাভের যোগ্য হইবে।

৪। প্রকল্প (বিনিয়োগ/টিএ প্রকল্প) ছকে উল্লিখিত জনবলের বিস্তারিত তালিকা পিপি/পিসিপি/টিএ-পিপি'র সংশ্লিষ্ট ক্রমিকে নিম্নলিখিত বিষয়গুলির উল্লেখ থাকিতে হইবে:

ক) সাকুল্য বেতনসহ পদের তালিকা;

খ) অভিজ্ঞতাসহ নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা;

গ) পদের কর্তৃব্য ও দায়িত্বের (Charter of duties) বিবরণ।

৫। প্রকল্পের জনবল সার্বক্ষণিকভাবে প্রকল্পের কাজে নিয়োজিত থাকিবে এবং চুক্তিভিত্তিক জনবলের ক্ষেত্রে প্রচলিত আচরণ ও অন্যান্য বিধিসমূহ প্রযোজ্য হইবে।

৬। কাজের মান (Performance) সন্তোষজনক না হইলে প্রকল্প পরিচালক/উপযুক্ত কর্তৃপক্ষ একমাসের নোটিশ প্রদান করত প্রকল্পে নিয়োজিত জনবলের চুক্তি বাতিল করিতে পারিবে। তবে চুক্তি বাতিলের পূর্বে সরকারী পাওনা আদায় করার ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

৭। চুক্তিভিত্তিক নিয়োজিত জনবল অস্থায়ী কর্মচারীদের ন্যায় ছুটি প্রাপ্য হইবে;

৮। প্রকল্পে নিয়োজিত জনবলকে অন্য পদে বদলি করা যাইবে না; তবে যে প্রকল্পে তাহাকে নিয়োগ করা হইয়াছে সে প্রকল্প আওতায় অন্য স্থানে প্রকল্প পরিচালক তাহাকে বদলি করিতে পারিবে;

৯। প্রকল্প মেয়াদ শেষে চুক্তিপত্রই অব্যবহিত পত্র হিসেবে গণ্য হইবে;

১০। এই নির্দেশ জারির পর এতদসংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ইতোপূর্বে জারিকৃত (১) সম(উ:ওবা:-১)-৮/৯৩-১০২ তারিখ: ৩০-০৭-৯৪, (২) সম(উ:ওবা-১)-৮/৯৩-১২ তারিখ: ১৮-১-৯৫ এবং (৩) সম(উ:ওবা:-১)-৮/৯৩-১৩ তারিখ: ১৮-১-৯৫ খ্রিষ্টাব্দ বাতিল বলিয়া গন্য হইবে।